


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
১৫০, খানজাহান আলী রোড, পশ্চিম রূপসা, খুলনা সদর, খুলনা  
[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

স্মারকনং- ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯. ৩০০ (৩)

তারিখ: ০৩/০৯/২০২৩ খ্রি:

বিষয়ঃ এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী পেশাগত দুর্ঘটনা হাসকল্পে সভা আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী পেশাগত দুর্ঘটনা হাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা কর্তৃক আগামী ১০/০৯/২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় আপনার কারখানায় জুট স্পিনার্স, শিরোমনি, খুলনা। এর মিলনায়তনে একটি আলোচনা সভা করা হবে। উক্ত সভায় আপনার কারখানার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং বিভিন্ন ডিপার্টমেন্টের শ্রমিকদের উপস্থিত রাখার জন্যে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ জাহাজীর আলম  
উপমহাপরিদর্শক

ফোনঃ ০২৪৭৭৭ ২৭৫২৬

ই-মেইলঃ [dig.khulna@dife.gov.bd](mailto:dig.khulna@dife.gov.bd)

ব্যবস্থাপনা পরিচালক/ম্যানেজার/ভারপ্রাপ্ত ব্যক্তি  
জুট স্পিনার্স, শিরোমনি, খুলনা।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে)

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরণী, বিজয় নগর, ঢাকা।
- ২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
উপমহাপরিদর্শকের কার্যালয়  
১৫০, খানজাহান আলী রোড, পশ্চিম রুপসা, খুলনা সদর, খুলনা  
www.dife.gov.bd

স্মারকনং- ৪০.০১.৪৭০০.১০৩.৯৯.০২৩.১৯. ২১০৩) ৩

তারিখ: ১০/০৯/২০২৩ খ্রি:

বিষয়ঃ এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী পেশাগত দুর্ঘটনা হ্রাসকল্পে আয়োজিত সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ জাহাঙ্গীর আলম, উপমহাপরিদর্শক, খুলনা।

তারিখ: ১০-০৯-২০২৩ ইং

সময়: সকাল ১১.০০ ঘটিকা।

স্থান: জুট স্পিনার্স, শিরোমনি, খুলনা।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সভার কার্যক্রম শুরু করেন। জনাব মোঃ শাহিনুর রহমান, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) এসডিজি বিষয়ক সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন। অদ্যকার সভায় নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়।

| ক্রমিক<br>কনং | আলোচনার<br>বিষয়     | আলোচনা   | সিদ্ধান্ত  | বাস্তবায়নকা<br>রি | মন্তব্য |
|---------------|----------------------|--|--|--------------------|---------|
| ১             | পিপিই<br>ব্যবহার     | সভাপতি সকল শ্রমিকদের নিয়মিত পিপিই ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন যে, জুট মিলের বাতাসে প্রচুর ধূলিকণা থাকে। সেকারণে শ্রমিকদের যথাযথভাবে পিপিই ব্যবহার করা অত্যন্ত জরুরী। কারখানা কর্তৃপক্ষ বিষয়টি স্বীকার করেন। কারখানা কর্তৃপক্ষ বলেন যে, শ্রমিকগণ নিয়মিতভাবে মাস্ক ব্যবহার করতে চান না। সভাপতি বলেন পিপিই প্রদান এবং তার ব্যবহার নিশ্চিত করা কারখানার মালিক কর্তৃপক্ষের। সুতরাং পিপিই ব্যবহার ব্যতীত তাদের কাজ করানো যাবে না। সভাপতি শ্রমিকদের মাস্ক ব্যবহারের বিষয়ে নির্দেশনা সম্বলিত পোস্টার তৈরী করে সেগুলো দৃশ্যমান স্থানসমূহে লাগাতে অনুরোধ জানান। | শ্রমিকদের পিপিই ব্যবহার নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।     | কারখানা কর্তৃপক্ষ  |         |
| ২             | দুর্ঘটনা<br>রোধ      | সভাপতি বলেন যে, ছোট বড় যেকোন প্রকার দুর্ঘটনা শূন্যের কোটায় নামিয়ে আনার লক্ষ্য নিয়ে সকলকে একত্রিত হয়ে কাজ করতে হবে। কারখানার কর্তৃপক্ষ বলেন যে, এ বিষয়ে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নির্দেশনা তারা যথাযথভাবে মেনে চলবেন।   | কোথাও কোন ঝুঁকি পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন। | কারখানা কর্তৃপক্ষ  |         |
| ৩             | নিয়মিত<br>প্রশিক্ষণ | সভাপতি দুর্ঘটনা হ্রাসকল্পে নিয়মিত সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন। এব্যাপারে তিনি সকলকে উদ্বুদ্ধকরণ করেন।  | দুর্ঘটনা রোধে নিয়মিত প্রশিক্ষণ এবং অগ্নি মহড়া আয়োজন করতে হবে।       | কারখানা কর্তৃপক্ষ  |         |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ জাহাঙ্গীর আলম

উপমহাপরিদর্শক

ফোনঃ ০২৪৭৭৭ ২৭৫২৬

ই-মেইলঃ dig.khulna@dife.gov.bd

বিতরণ ও অনুলিপিঃ

- ১। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মারনী, বিজয়নগর, ঢাকা। (সদয় অবগতির জন্য)
- ২। ব্যবস্থাপনা পরিচালক, জুট স্পিনার্স, শিরোমনি, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
- ৩। অফিস কপি।